



প্রধানমন্ত্রী তারেক রহমান ব্যবহার করবেন নিজস্ব গাড়ি



সংগৃহীত ছবি

প্রধানমন্ত্রী তারেক রহমান সরকারি গাড়ির পরিবর্তে নিজের ব্যক্তিগত গাড়িতে চলাচল করবেন। গাড়ি ছাড়াও নিজের ক্রয় করা জ্বালানি ও ব্যক্তিগত চালক ব্যবহার করবেন তিনি।

বিএনপির মিডিয়া সেল সদস্য আতিকুর রহমান রুমন জানিয়েছেন, বুধবার সকালে গুলশানের বাসা থেকে নিজস্ব সাদা টয়োটা গাড়িতে চড়ে প্রধানমন্ত্রী সাভারের জাতীয় স্মৃতিসৌধে যান এবং শহিদদের প্রতি শ্রদ্ধা জানান। যানজট এড়াতে তার গাড়িবহরের সংখ্যা উল্লেখযোগ্যভাবে কমিয়ে ৪টি করা হয়েছে। এর আগে গাড়িবহরের সংখ্যা ১৩-১৪টি ছিল। প্রধানমন্ত্রী পতাকাবিহীন গাড়ি ব্যবহার করছেন, তবে রাষ্ট্রীয় অনুষ্ঠান বা বিদেশি অতিথির সফরে গাড়িতে পতাকা থাকবে।

প্রধানমন্ত্রী মন্ত্রিসভার বৈঠকগুলো এখন থেকে সচিবালয়ে করার সিদ্ধান্ত নিয়েছেন। এর কারণ, কার্যালয়ে বৈঠক হলে সকল মন্ত্রীদের আসার কারণে যানজট তৈরি হয় এবং সাধারণ মানুষ ভোগান্তির মুখে পড়ে। এ জন্য প্রধানমন্ত্রীর যাত্রাপথে সড়কের দুই ধারে পোশাকধারী পুলিশও বসানো হবে না, এমন নির্দেশ সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে দেওয়া হয়েছে।